

সিলেটের ওসমানী মেডিক্যাল ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষ

সিলেট অফিস

সিলেট এমসি কলেজে গতকাল জাতীয়তাবাদী ছাত্রদলের দুই পক্ষের মধ্যে হাজাহাতি ও মারধরের ঘটনায় পাঁচজন আহত হয়েছে। এদিকে শুক্রবার ওসমানী মেডিক্যাল কলেজ ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, গতকাল দুপুর ২টায় এমসি কলেজ শাখা ছাত্রদলের একটি বৈঠক হয়। বৈঠকে বহিরাগতদের উপস্থিতি দেখে ক্রুদ্ধ হন বর্তমান শিক্ষার্থীরা। এ নিয়ে দুই পক্ষের মধ্যে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে দুই পক্ষ মারামারিতে লিপ্ত হলে কলেজ ছাত্রদলের ভারপ্রাপ্ত সেক্রেটারি মামনুর রশিদ মামুন, শামীম, সুহেল, জুয়েল, আজাদ আহত হন। এ নিয়ে দুই পক্ষের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।

ওসমানীতে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষ সিলেট ওসমানী মেডিক্যাল কলেজের ক্যাম্পাস ও পার্শ্ববর্তী মধুশহীদ এলাকায়

শুক্রবার বিকালে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে ১০ জন আহত হয় বলে দুই পক্ষ দাবি করে। সংঘর্ষ চলাকালে আবু সিনা ছাত্রাবাসের একটি কক্ষ আঁচুর করা হয়। এ ঘটনার জের ধরে সফায় কলেজ ছাত্রলীগের দুটি গ্রুপ ক্যাম্পাসে শোভাভাঙ্গা করে।

একটি সূত্র জানায়, সিলেট ওসমানী মেডিক্যাল কলেজ ছাত্রলীগের নেতাকর্মীদের মধ্যে সিনিয়র ও জুনিয়র দ্বন্দ্ব নিয়ে কয়েকদিন ধরে উত্তেজনা বিরাজ করছে। এর জের ধরে শুক্রবার দুপুর ২টায় ছাত্রলীগের অনিমেঘ, প্রনয়, বালা, মিসকাত ও আদানের নেতৃত্বে কয়েকজন আবু সিনা ছাত্রাবাসে ছাত্রলীগ নেতা ও কলেজের চতুর্থ বর্ষের ছাত্র মনিরুজ্জামান কাননের ১০১ নম্বর কক্ষে হামলা চালায়। এ সময় তারা কাননকে মারধর এবং তার রুমের আসবাবপত্র ডাচুর করে। এ ঘটনার পর গোটা ক্যাম্পাসে উত্তেজনা ছড়িয়ে পড়ে।